



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd



স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০২.১৭.১৬৫৫

তারিখ: ৪ কার্তিক ১৪২৯

২০ অক্টোবর ২০২২

বিষয়: **Sri lanka** হতে ১(এক) দিন বয়সী **Indian River Broiler Parent Stock** জাতের ১১,৩০৫ টি মুরগির বাচ্চা আমদানির অনুমতি প্রসঙ্গে।

সূত্র: এসিআই গোদরেজ এগ্রোভেট প্রাইভেট লিমিটেড ২৪৫, তেজগাঁও শিল্প এলাকা, এসিআই সেন্টার, ঢাকা-১২০৮ এর ১১/১০/২০২২ ইং তারিখের পত্র মোতাবেক।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে শ্রীলংকা হতে ১ (এক) দিন বয়সী **Indian River Broiler Parent Stock** জাতের ১১,৩০৫ (এগার হাজার তিনশত পাঁচ)টি প্যারেন্ট ষ্টক মুরগির বাচ্চা নিম্নবর্ণিত শর্তে আগামী ২০/১০/২০২৩ ইং তারিখের মধ্যে আমদানির অনুমতি প্রদান করা হলো। (ইভয়েজ নং-TAF/ACI/005/2022. date: 02/09/2022).

শর্ত সমূহঃ

- ১। অনুমোদিত সকল প্যারেন্ট ষ্টক মুরগির বাচ্চা “সংক্রামক” রোগমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করত: প্রত্যয়ন পত্র আমদানির সময় সঙ্গে প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩ (তিন)টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তর/রাধীন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকাতে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল প্যারেন্ট ষ্টক বিমান যোগে আমদানি করতে হবে এবং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত দেশের ট্রানজিট গ্রহন করা যাবে না।
- ৫। বাচ্চা আমদানির পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানির পর রপ্তানিকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানিকারক দেশে **Notifiable AI** দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানি করলে সকল দায় দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যে কোন সময় আমদানির অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবেন।
- ৯। সরকারী নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। মুরগির বাচ্চা দেশে পৌঁছার পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকাকে অবহিত করতে হবে।

২০-১০-২০২২

ডাঃ পল্লব কুমার দত্ত
উপপরিচালক

এসিআই গোদরেজ এগ্রোভেট প্রাইভেট লিমিটেড, (খামার:

সুখদেবপাড়া, কাজীরহাট, ভিতরাগার, পঞ্চগড় সদর,
পঞ্চগড়)

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০২.১৭.১৬৫৫/১

তারিখ: ৪ কার্তিক ১৪২৯
২০ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
 - ২) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর।
 - ৩) মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
 - ৪) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পঞ্চগড়। হ্যাচারী পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
 - ৫) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ), আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর
 - ৬) অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা।
- মোবাইল-০১৯৭০৫০৬৮২৪



২০-১০-২০২২

ডাঃ পল্লব কুমার দত্ত
উপপরিচালক